



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

উপজেলা ভূমি অফিস

ভৈরব, কিশোরগঞ্জ

<http://acl.bhairab.kishoreganj.gov.bd>

নম্বর: ৩১.৪১.৪৮২৫.০০০.০০০.৯৯.০০০১.২৫.২

তারিখ: ২৭ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

বিষয়: ভূমি নামজারি বাতিলে বিবিধ মোকদ্দমা (মিসকেস) রুজু সংক্রান্ত জরুরি নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি মালিকানায় ধারাবাহিকতা দাবি সাপেক্ষে কৃত নামজারি বাতিল বা মালিকানা সংক্রান্ত আপত্তির প্রেক্ষিতে সাম্প্রতিক সময়ে কিছু ব্যক্তি একাধিকবার অপ্রয়োজনীয় আবেদন ও বিবিধ মোকদ্দমা (Miscellaneous Case) রুজু করে প্রশাসনিক প্রক্রিয়ায় বিঘ্ন সৃষ্টি করছেন, যা সেবাগ্রহীতাদের জন্য হয়রানি, সময়ক্ষেপণ ও আর্থিক ক্ষতির কারণ হয়ে দাঁড়াচ্ছে।

অতএব, ভূমি নামজারির বিরুদ্ধে বিবিধ মোকদ্দমা দাখিলের ক্ষেত্রে নিচে বর্ণিত নির্দেশনাবলি সতর্কতা ও সচেতনতার সাথে অনুসরণ করার জন্য সকল ভূমিসেবা প্রত্যাশীকে অবহিত করা হলো।

১. সাধারণ নির্দেশনা

- যথাযথ দলিল, রেকর্ড ও প্রমাণপত্র ব্যতিরেকে নামজারি বাতিল বা মালিকানা দাবি সংক্রান্ত আবেদন গ্রহণযোগ্য নয়।
- মিথ্যা, উদ্দেশ্যপ্রণোদিত বা হয়রানিমূলক আবেদন বাতিলযোগ্য এবং আইনগত ব্যবস্থা গ্রহণযোগ্য।
- দালাল বা তৃতীয় পক্ষের মাধ্যমে তদবির বা আবেদন দাখিল থেকে বিরত থাকুন।
- মোকদ্দমা রুজুর সময় সঠিক তথ্য ও উপযুক্ত রেকর্ডপত্র দাখিল করলে আপনার মামলার দ্রুত নিষ্পত্তি সম্ভব।
- শুনানির দিন যথাযথ দলিলাদির মূল কপি ও খতিয়ানের সার্টিফিকেট কপি সাথে রেখে প্রয়োজনে সহকারী কমিশনার (ভূমি)-এর চাহিদা সাপেক্ষে উপস্থাপন করুন। অযথা প্রতিপক্ষের সাথে তর্ক থেকে বিরত থাকুন, আপনার মোকদ্দমা নিষ্পত্তিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে।
- মৌখিক বা লিখিতভাবে নির্দিষ্ট তফসিল হতে নামজারি মূলতবির অনুরোধ থেকে বিরত থাকুন।
- একটি বিবিধ মোকদ্দমা রুজুর পর প্রথম শুনানি, পরবর্তীতে ইভুসকের সরেজমিন তদন্ত, প্রয়োজনে সার্ভেয়ার বা কানুনগোর অনুসন্ধান, পরবর্তী শুনানি, একই তফসিলে চলমান দেওয়ানি মোকদ্দমা, স্থায়ী/অস্থায়ী নিষেধাজ্ঞা, স্থগিতাদেশ কিংবা স্থিতাবস্থা থাকলে মোকদ্দমার কার্যক্রম স্বাভাবিকভাবেই সময়সাপেক্ষ হয়। তাই অযথা তদবির না করে ধৈর্য ধারণের অনুরোধ করা হলো।
- বিবিধ মোকদ্দমা অথবা নামজারি সংক্রান্ত যেকোন অভিযোগ লিখিতভাবে সহকারী কমিশনার (ভূমি), ভৈরব, কিশোরগঞ্জ বরাবর দাখিল করুন।

২. আবেদনের সাথে সংযুক্ত করার জন্য আবশ্যিক দলিলাদি

১.	সর্বশেষ প্রকাশিত জরিপে সৃষ্ট রেকর্ডীয় খতিয়ানের সার্টিফিকেট কপি। প্রয়োজনে পূর্বের রেকর্ডসমূহ। (অনলাইন কপি গ্রহণযোগ্য নয়)
২.	বলবৎ/বহাল নামজারি খতিয়ান নম্বর, ডিসিআর, দাখিলা তথা ভূমি উন্নয়ন কর পরিশোধের সর্বশেষ তথ্য।
৩.	প্রযোজ্য ক্ষেত্রে ভূমি হস্তান্তর দলিল।
৪.	উত্তরাধিকারসূত্রে প্রাপ্য ভূমির ক্ষেত্রে QR কোড সম্বলিত উত্তরাধিকার সনদ (অন্যথায় যাচাই করা সম্ভব নয়) এবং রেজিস্ট্রিকৃত বণ্টননামা।
৫.	প্রযোজ্য ক্ষেত্রে উপযুক্ত বিজ্ঞ আদালতের আদেশের সার্টিফিকেট কপি (ফটোকপি গ্রহণযোগ্য নয়)।
৬.	প্রতিপক্ষ প্রত্যেক ব্যক্তির নাম, বর্তমান ঠিকানা ও সচল মোবাইল নম্বর (আবশ্যিকভাবে, প্রয়োজনে একাধিক নম্বর)।
৭.	নালিশা ভূমির চৌহদ্দিতে পর্যায়ক্রমিকভাবে অবস্থিত উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিমের কমপক্ষে ২ জন করে মোট ৮ জন ভূমি মালিকগণের নাম, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর।
৮.	নালিশা ভূমি নিয়ে কোন প্রকার দেওয়ানি মামলা/ রিট মামলা চলমান থাকলে তার ইনফর্মেশন স্লিপ।

